চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
হাজিগঞ্জ, চাঁদপুর।
যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫(অফিস)

নম্বর ২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০২২.১৯.৪৩৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৮
১১ মে ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **" নিয়োগ বিজ্ঞপ্তি "**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোক নিয়োগের নিমিত্ত প্যানেল প্রস্তুতের লক্ষ্যে ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে বিভিন্ন মেয়াদে সন্তোষজনকভাবে কার্যসম্পাদনকৃত আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে উল্লেখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বয়স সীমা	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা/অভিজ্ঞতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	৩১/০৫/২০২১খ্রিঃ তারিখে বয়স ১৮-৫২ বছর এর মধ্যে হতে হবে।	২০১৬ সালের বেতন স্কেল অনুযায়ী অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ণপত্র ও নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	**অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। **আবেদন ফরম পূরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগন চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট : http://pbs1.chandpur.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A/4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০৫/২০২১খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সিনিয়র জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজিগঞ্জ, চাঁদপুর এর বরাবর ডাকযোগে, কুরিয়ার সার্ভিস অথবা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে/টাইপকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ।

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদের ফটোকপি।

০৩। **চুক্তির মেয়াদকালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে প্রথম চুক্তিতে নিয়োগ দেওয়া হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে উভয় পক্ষের সম্মতিক্রমে নুন্যতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবসের ব্যবধানে ২য় মেয়াদে

পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পূনরায় চুক্তি সম্পাদিত হতে পারে। একইভাবে কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হতে পারে। এই চুক্তির মেয়াদ সর্বোচ্চ ০৯ (নয়) বছর (৩+৩+৩) অথবা ৫৫ (পঞ্চান্ন) বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) বলবৎ থাকবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্ন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫ তাং- ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(খ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে চাঁদপুর পবিস-১ এর অনুকুলে ১০,০০০/-(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা , জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

(ঘ) চাঁদপুর পবিস-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা এবং ইতোপূর্বে চাঁদপুর পবিস-১ এর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) চাঁদপুর পবিস-১ এর এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং এই পবিসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উর্ত্তীর্ণের পূর্বে শৃঙ্খলাজনিত কারনে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীন নিয়োজিত হতে / থাকতে পারবেন না।

(ঝ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারন দর্শানো ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

(ঞ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগন তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত চাঁদপুর পবিস-১ এ নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গন্য গন্য হবেন না।

(ট) ইতেপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গনের পুলিশ ভেরিফিকেশান সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশান সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(ঠ) অসম্পূর্ণ / ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১১-৫-২০২১

মোঃ কেফায়েত উল্লাহ
সিনিয়র জেনারেল ম্যানেজার
ইমেইল: chandpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন

৪) সকল পবিস

৫) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, চাঁদপুর

৬) নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত, এলজিইডি,সড়ক ও জনপথ, চাঁদপুর ।

৭) উপজেলা নির্বাহী অফিসার, হাজিগঞ্জ, কচুয়া, শাহরাস্তি, চাঁদপুর ।

৮) ডিজিএম, কচুয়া জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১০) ডিজিএম, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

১১) এজিএম (ওএন্ডএম), সাচার সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-১

১২) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১৩) সহকারী জুনিয়র ইঞ্জিঃ (আইটি-১), প্রশাসন বিভাগ, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশ করবেন)।

১৪) নোটিশ বোর্ড, অফিস নথি/মাস্টার নথি।

ফরম নং-পমানপ ১১০-০০২, ভার্সন-০১

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

আবেদন ফরম

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
হাজীগঞ্জ, চাঁদপুর।

১.আবেদনকৃত পদের নাম- মিটার রিডার কাম ম্যাসেঞ্জার

২. পদের ধরন : চুক্তিভিত্তিক

.....

৩. বিজ্ঞাপনের সূত্র :

৪. প্রকাশনার তারিখ

.....

৫. আবেদনকারীর পূর্ণ নাম

৬. জন্ম তারিখ (এস এস সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী)

.....

৭. মাতার নাম

৮. বয়স (৩১/০৫/২০২১খ্রিঃ তারিখে)

.....

৯. পিতার নাম

১০. ধর্ম

.....

১১. জাতীয়তা ও ভোটার আইডি নং-

১২. নিজ জেলা

.....

১৩. টেলিফোন/ মোবাইল নম্বর

১৪. বৈবাহিক অবস্থা (টিক দিন)

	বিবাহিত		অবিবাহিত

১৪. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পূত্র		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র		এতিম ও শারিরীক প্রতিবন্ধি

	উপজাতি		আনসার ও গ্রাম		অন্যান্য

১৫. স্থায়ী ঠিকানাঃ

....

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

....

১৬। পোষ্টাল অর্ডার নম্বর/ব্যাংক ড্রাফট ১৮। পোষ্টাল অর্ডারের মূল্য ১৯। ক্রয়ের তারিখ

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

.....	.....	.....	.....
ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) :

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেনী/সিজিপিএ	সার্টিফিকেট অর্জনের বছর

১৯. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) :

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) :

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

----------	----------
তারিখ	আবেদনকারী স্বাক্ষর

মোঃ আশাদুল আজম
এ.জি.এম (প্রশাসন)
চাঁদপুর পবিস-১